দৈনিক ইত্তেফাক

তারিখ 09-JUL 1997
পৃষ্ঠা: ৯ কলাম ৬

39

# ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভায় ভিসির অপসারণ দাবী

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ভাইস-চ্যান্সেলর ডঃ ইনাম-উল-হকের বিরুদ্ধে দুর্নীতি, অদক্ষতা ও বিশ্ববিদ্যালয় পরিচালনায় অযোগ্যতার অভিযোগ আনিয়া অবিলম্বে তাহার অপসারণ দাবী করিয়াছে। গত সোমবার সমিতির সভাপতি ফয়েজ মোঃ সিরাজুল হকের সভাপতিত্বে ক্যাম্পাসে অনুষ্ঠিত এক জরুরী সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রধানমন্ত্রী শেখ হাসিনা তথা সরকারের নিকট এই মর্মে জোর দাবী জানানো হয়।

উক্ত বৈঠকে গৃহীত অপর এক সিদ্ধান্ত মোতাবেক ভিসির সকল প্রকার দুর্নীতির বিচার বিভাগীয় তদন্ত এবং গত ২৬শে জুন হইতে তাহার গৃহীত সকল সিদ্ধান্ত বাতিলের দাবী জানানো হয়। বৈঠকের সহিত সংশ্লিষ্ট একটি দায়িত্বশীল সূত্র জানায়, আগামী তিন দিনের মধ্যে বিশ্ববিদ্যালয়ে বিরাজমান সংকট নিরসনে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ না নিলে দাবী আদায়ের লক্ষ্যে শিক্ষক সমিতি বৃহত্তর কর্মসূচীর মাধ্যমে আন্দোলন শুরু করিবে।

এদিকে অবিলম্বে ভিসির অপসারণ দাবীতে ছাত্রলীগ (শা-পা) আহূত 'অনির্দিষ্টকালের ধর্মঘটের' গত সোমবার ছিল নবম দিন। কোনও ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত হয় নাই।